# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২১- ৫০৭(৪০)

তারিখ- ১০/৮/২১

## সভার নোটিশ

আগামী ১২/০৮/২০২১খ্রিঃ তারিখ রংপুর সদর উপজেলা পরিষদের আগষ্ট/২১ মাসের সভা বেলা ৩.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি:**

০১। গত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৪। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৫। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৬। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৭। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৮। ৪নং সদ্যপুস্করিনী ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান গঠন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৯। বিবিধ।

১০/০৮/২০২১

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬২১১৬

প্রাপক :.....................................................

.....................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, রংপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
৬। নোটিশ বোর্ড........................................................ অফিস।
৭। অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
৮। অফিস কপি।

# আগষ্ট-২১ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
## রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ১২/০৮/২০২১খ্রিঃ। |
| সময় | : | বিকাল : ০৩.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে নবাগত উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছাঃ নুর নাহার বেগম সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্যের শুরুতে তিনি বলেন যে, আগষ্ট মাস শোকের মাস। এ মাসের ১৫ আগষ্ট ১৯৭৫ সালে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার পরিবারের সকল সদস্যকে নির্মমভাবে হত্যা করা হয়। তিনি ১৫ আগষ্টের সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে এবং তাদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং স্বাগত বক্তব্য রাখেন।

নবাগত উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, ১৫ আগষ্ট ১৯৭৫ সালে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার পরিবারের সদস্যসহ সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **<u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস</u> :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, কোভিড-১৯ ভ্যাকসিন সুষ্ঠুভাবে চলছে। গত ০৯/০৮/২০২১খ্রিঃ তারিখে সারাদেশে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের ১ম পর্যায়ে সদর উপজেলায় স্বাস্থ্য বিভাগের আওতাধীন ০৪টি ইউনিয়নে মোট ২৩৮১জনকে সফলভাবে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। তিনি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করছি। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ্ব বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভাষা টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | ১)কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানে সহযোগিতা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, আইইউডি এর লক্ষ্যমাত্রা ১০২, অর্জন-২৩, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা-১২৫ অর্জন-১৫৮জন, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রা- ৮১, অর্জন-১৫৩জন। গর্ভবতীর পরিচর্যা লক্ষ্যমাত্রা- ২৫৮২, অর্জন- ২৬৩০জন। ডেলিভারী লক্ষ্যমাত্রা-৩৩৯, অর্জন- ৩৬৪জন। প্রসবোত্তর সেবা লক্ষ্যমাত্রা-১৩৮০, অর্জন- ৯৫০জন। শিশু পরিচর্যা লক্ষ্যমাত্রা-৩৪১৭, অর্জন- ৩৪৭৬জন।<br>তিনি আরও বলেন যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৩ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, খামারীদের রেজিষ্ট্রেশন করার জন্য করা নির্দেশনা মন্ত্রণালয় হতে জারী করা হয়েছে। রংপুর সদর উপজেলার খামারীদের খামার রেজিষ্ট্রেশন করার ব্যাপারে ব্যাপক প্রচারনা করার অনুরোধ জানান। | | বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলার সকল খামারীকে রেজিষ্ট্রেশনের আওতাভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের সদর উপজেলাধীন ও সিটি কর্পোরেশনের বিভিন্ন হাট-বাজার অভিযান পরিচালনা করা হয়।<br>আরও বলেন যে, মাছের পোনা অবমুক্তকরণের জন্য প্রতিবছরের ন্যায় এ বছরো বরাদ্দ এসেছে। তিনি সুষ্ঠুভাবে মাছের পোনা অবমুক্তকরণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চান। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) বিধি মোতাবেক পুকুরের তালিকা প্রস্তুত করে মাছের পোনা অবমুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, রোপা আমন ধানের লক্ষ্যমাত্রা ১০৫০৮হেঃ | | ১) মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | হয়েছে। রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্প হতে গ্রুপ ভূক্ত কৃষকের মাঝে উইনোয়ার ০১টি, হ্যান্ড স্প্রেয়ার ০৯টি, ফুট পাম্প ০৯টি, উইডার ০৯টি, পাওয়ার থ্রেসার ৩৪টি, রিপার ০৯টি, রাইস ট্রান্সপ্লান্টার ০৭টি বিতরণ করা হয়েছে। বর্তমানে বৃষ্টিপাত কম হওয়ায় পোকা মাকড় ও রোগ বালাই ব্যবস্থাপনা, রোপা আমনে সম্পূরক সেচ প্রদান সম্পর্কে কৃষকদের পরামর্শ দেয়া হচ্ছে।<br>তিনি আরও বলেন যে, রাসায়নিক সারের মজুদ পর্যাপ্ত পরিমাণে আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | ২) রাসায়নিক সারের বাজার নিয়মিত পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |
| ০৮ | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় বর্তমানে খাদ্য মজুত পর্যাপ্ত পরিমানে আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক কাযক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কমসূচী ১ম কিস্তিতে রংপুর সদর উপজেলার নামে ৩২,৬৭০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর জনপ্রতিনিধি, বিভিন্ন দপ্তর এবং সাধারণ জনগণ কর্তৃক দাখিলকৃত আবেদনে প্রকল্পগুলো নিয়ে অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প তালিকা প্রস্তুত করার জন্য মতামত ব্যক্ত করেন। | | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশল, রংপুর সদর, রংপুর। |
| ১০ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, কোভিড-১৯এর কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। অনলাইনের মাধ্যমে এবং জাতীয় সংসদ প্রচার টিভির মাধ্যমেও ক্লাশ করা হচ্ছে। তাছাড়াও তথ্য ছক মোতাবেক ৫জন সহকারী শিক্ষক ও একজন অভিভাবকের সাথে যোগাযোগ করা হচ্ছে।<br>চেয়ারম্যান, ১নং মমিনপুর ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য বিদ্যালয়গুলোতে টিকাদান কেন্দ্র স্থাপনের নিমিত্তে প্রধান শিক্ষকদের বিদ্যালয় খোলার জন্য ফোন করা হয়। কিন্তু প্রধান শিক্ষকগণ ও বিষয়টি কর্ণপাত করেন নাই। ফলে | | কোভিড-১৯ ভেকসিন প্রদানে যে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ কর্ণপাত করেন নাই অভিযোগ গুলো সরেজমিনে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | সরকারী সিদ্ধান্ত টিকাদান কার্যক্রম কিছুটা ব্যাঘাত সৃষ্টি হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকায় এবং শিক্ষার্থীদের অনুপস্থিতিতে বিদ্যালয়গুলো পাঠদানের অনুপযোগী হয়ে না পড়ে এজন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে এবং যেসকল প্রধান শিক্ষকদের বিরুদ্ধে অসহযোগিতাসহ নানাবিধ অভিযোগ পাওয়া গিয়েছে তা তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, প্রাইমারী বিদ্যালয়গুলো বিশীরভাগ সরকারী সম্পদ যেমন বিদ্যালয়ের পানির পাম্প, ল্যাপটপ, ফ্যান ইত্যাদি যা সরকারী বিদ্যালয়ে না রেখে তাদের নিজ বাসায় রাখারও অভিযোগ পাওয়া যায়। সরকারী সম্পদ যথাস্থানে রাখার এবং যথাযথভাবে ব্যবহার করার জন্য মতামত ব্যক্ত করেন। | | সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোর মধ্যে সরকারীভাবে বরাদ্দকৃত সম্পদের যথাযথ হিসাব সংরক্ষণ এবং তা সরকারী বিদ্যালয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। অনলাইনের মাধ্যমে এবং জাতীয় সংসদ প্রচার টিভির মাধ্যমেও ক্লাশ করা হচ্ছে। | | নিয়মিত তদারকী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলা শতভাগ বয়স্ক ও বিধবা ভাতা করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে পত্র পাওয়া গেছে। আগামী ৩০ আগষ্ট-২১ পর্যন্ত আগ্রহী ব্যক্তিগণ ভাতা গ্রহণের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের বিষয়টি ব্যাপক প্রচার করার জন্য সভায় অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে মধ্যে একদিন করে আগ্রহী ব্যক্তিদের অনলাইন আবেদন করার ব্যবস্থা করা যেতে পারে।<br>বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে একদিন করে অনলাইনের মাধ্যমে বয়স্ক ও বিধবা ভাতার আবেদন গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সংশ্লিষ্ট ওয়ার্ডের সমাজকর্মী, ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাগণ, ইউপি সদস্যসহ অন্যান্য সকলে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/ইউপি চেয়ারম্যানবৃন্দ, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, সরকারী রাজস্ব খাতের আওতায় উপজেলায় যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান, তাদেরকে বেকারত্ব মোচনের মাধ্যমে আত্মকর্ম সৃজন করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায়ং জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্নস্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিত নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডি৫৫পি অফিসার, রংপুর সদর, রংপুর |
| | **৪নং সদ্যপুস্করিনী ইউনিয়নের চেয়ারম্যান প্যানেল গঠন :**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, সদ্যপুস্করিনী ইউনিয়ন পরিষদ হতে ০৭জন ইউপি সদস্য কর্তৃক স্বাক্ষরিত চেয়ারম্যানের প্যানেল গঠন হয়নি মর্মে অভিযোগ পাওয়া গেছে।<br>স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৩(১) ধারা মোতাবেক পরিষদ গঠিত হইবার পর প্রথম অনুষ্ঠিত সভার ৩০(ত্রিশ) দিনের মধ্যে ০৩সদস্য বিশিষ্ট একটি চেয়ারম্যানের প্যানেল গঠন করার নির্দেশনা আছে।<br>যেহেতু নির্ধারিত সময়ের মধ্যে সদ্যপুস্করিনী ইউনিয়নের চেয়ারম্যানের প্যানেল গঠনের কোন সিদ্ধান্ত ইউনিয়ন পরিষদে হয়নি সেহেতু ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দকে নিয়ে উপজেলা পরিষদের হলরুমে আগামী ১৭/০৮/২০২১খ্রিঃ তারিখ প্যানেল চেয়ারম্যান গঠন করার জন্য মতামত ব্যক্ত করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে সদ্যপুস্করিনী ইউনিয়নের চেয়ারম্যানের প্যানেল গঠন সংক্রান্ত সভা সকল সদস্যগণের উপস্থিতিতে আগামী ১৭/০৮/২০২১খ্রিঃ তারিখ উপজেলা পরিষদ হলরুমে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | বিবিধ :<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলার নির্বাহী অফিসার গত ০৫/০৮/২০২১খ্রিঃ তারিখে যোগদান করেছেন। বদলী জনিত কারণে উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনটি মেরামত ও রং করণের প্রয়োজন। বিধায় সরকারী বাসভবনটি মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন। | ১) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাস ভবনটি মেরামত ও রংকরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২) জনাব মোঃ ইকবাল হোসেন, চেয়ারম্যান, ২নং হরিদেবপুর ইউপিকে প্রকল্প চেয়ারম্যান করে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলার আয়ের প্রধান উৎস হাট-বাজার ইজারার অর্থ। কিন্তু রংপুর সদর উপজেলার হাট-বাজারগুলোর সিংহভাগই রংপুর সিটিকর্পোরেশনে চলে গেছে। ফলে রংপুর সদর উপজেলার রাজস্ব নেই বলেই চলে। উপজেলা পরিষদের আয় বৃদ্ধির জন্য উপজেলা পরিষদের নিজস্ব জায়গা অর্থাৎ মহাসড়ক ও শিল্প নগরী রোর্ডের পার্শ্বে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পিছনের ফাঁকা জায়গায় দোকান ঘর নির্মাণ করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>উল্লেখ্য যে, উক্ত জায়গায় দোকান ঘর নির্মাণ করা হলে অফিসের কার্যক্রম এবং আবাসিক ভবনে বসবাসরতদের কোন প্রকার নিরাপত্তার বিঘ্নতা সৃষ্টি হবে না। | ক) বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলা পরিষদের নিজস্ব জায়গায় দোকান ঘর নির্মাণের বিষয়টি স্থানীয় সরকার মন্ত্রণালয় অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>খ) উক্ত জায়গার ম্যাপ ও প্রাক্কলণ প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা পরিষদ হলরুমের ০২টি এসি স্থাপন করা আছে। চাহিদা অনুযায়ী আরও ০২ (চার টন) প্রয়োজন। এবং উপজেলা পরিষদ হলরুমের জন্য পর্দা ও ফার্নিচার ক্রয় করারও প্রয়োজন।<br>তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদ কার্যালয়, আবাসিক কোয়াটার (ফুলেশ্বরী, যমুনা ও তিস্তা), ইউটিডিসি পুরাতন ভবন, ইউটিডিসি নতুন ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাস ভবন মেরামত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে বরাদ্দ প্রদানের নিমিত্তে পত্র প্রেরণের ব্যাপারে মতামত ব্যক্ত করেন। । | বিস্তরিত আলোচনান্তে উপজেলা পরিষদের জন্য ০২টি (চার টন) এসি ও পর্দা এবং ফার্নিচার ক্রয় করার নিমিত্তে উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলণ প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) উপজেলা পরিষদ কার্যালয়, আবাসিক কোয়াটার (ফুলেশ্বরী, যমুনা ও তিস্তা), ইউটিডিসি পুরাতন ভবন, ইউটিডিসি নতুন ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাস ভবন মেরামত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রাক্কলণ প্রস্তুতপূর্বকপত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২১- ৫১৬ তারিখ- ১৬/৮/২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর ।

৯। উপজেলা.......................................... অফিসার, রংপুর সদর, রংপুর ।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব .............................................................

১২। অফিস কপি।

১৬০৮২১

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।